

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৮
সিএন্টএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ঢাক্কাম- ৮১০০।

প্রচার পত্র নং- ৩০/২০১৪

তারিখঃ ২৪/০৮/২০১৪ খ্রিৎ

সকল সম্মানিত সদস্যদের প্রতি,

১১ বৈশাখ, ১৪২১ বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-৭৭, তারিখ-২৩/০৮/২০১৪ইং সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

আদেশ নং- ৭৭

তারিখ- ২৩/৮/১৪

বিষয়ঃ এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে সিইপিজেড, চট্টগ্রামে দাখিলকৃত বিল অব এন্ট্রি এবং বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের কার্যক্রমে অনুসরণযোগ্য পদ্ধতি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৩-০৮-২০১৪ খ্রিৎ তারিখ হতে এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে সিইপিজেড, চট্টগ্রামে দাখিলকৃত বিল অব এন্ট্রি এবং ২৪-০৮-২০১৪ খ্রিৎ তারিখ হতে বিল অব এক্সপোর্ট প্রক্রিয়াকরণের কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেম চালুর পূর্বে চট্টগ্রাম বন্দর হতে ইপিজেডসমূহে আমদানি পণ্য চালান খালাসের ক্ষেত্রে সিইপিজেডস্থ দক্ষিণ গেইট (চট্টগ্রাম বন্দ কমিশনারেটের নিয়ন্ত্রণাধীন) হতে আমদানি চালান খালাসের ক্ষেত্রে সিএন্টএফ এজেন্টগণ একটি রিস্ক বন্দ দাখিল করতেন ও বন্দ কর্মকর্তাগণ উক্ত রিস্ক বন্দের বিপরীতে ইলেক্ট্রনিক্যালি একটি বন্দ নম্বর প্রদান করতেন যার বিপরীতে বন্দরের ওয়ান স্টপ সার্ভিস সেন্টার হতে আমদানি পণ্য ডেলিভারী দেয়া হতো। এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেম চালুর পর ইপিজেডসহ অন্যান্য সকল বন্দেড প্রতিষ্ঠানকে ৩ (তিনি) বছর সময়কালীন একটি জেনারেল বন্দ দাখিল করতে হবে। সিইপিজেড ও কেইপিজেডগামী পণ্যের গতিপথ নিয়ন্ত্রণ করার জন্য Dispatch Note চালু করা হবে এবং মেনিফেস্ট দাখিলের সময় IGM এর Place of Destination কলামে সংশ্লিষ্ট ইপিজেড এর জন্য নির্ধারিত কোড প্রদান করবে যার ভিত্তিতে বন্দর কন্টেইনার ছাড় করবে। এই মডিউলসমূহ চালুর পূর্ব পর্যন্ত বন্দরে রাখিত সিইপিজেড ও কেইপিজেডগামী পণ্য বন্দ কমিশনারেটের অফিসার কর্তৃক স্কর্টিং (escort) করে সিইপিজেড ও কেইপিজেড এলাকায় নেয়া হবে এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বন্দ নম্বরের পরিবর্তে সংশ্লিষ্ট পণ্যের বিপরীতে দাখিলকৃত বিল অব এন্ট্রির মাধ্যমে পণ্য খালাস প্রদান করবে; অন্যান্য ইপিজেডসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট শুক্কায়ন/বন্দ শাখায় ডিউটি বন্দ ও রিস্ক বন্দ প্রদান করে আউটপাসকৃত বিল অব এন্ট্রির বিপরীতে পণ্য খালাস প্রদান করবে।

৩। ইপিজেডসমূহে এ্যাসাইকুড়া ওয়ার্ল্ড সিস্টেমে IM-7 এর আওতায় দাখিলকৃত বিল অব এন্ট্রি এবং বিল অব এক্সপোর্ট এর ক্ষেত্রে যথাযথ CPC প্রদান করার বিষয়ে শুক্কায়নের সাথে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হ'ল।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ সাদিক)

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোনঃ ০৩১-৭১৩৯১৮

নথি নং-এস-৪/১১২/প্রশাসন/Asycuda World/১২-১৩/(অংশ-১)/৮৩৬৪ () কাস

তারিখঃ ২৩/০৮/১৪

